10499/17

I-9853/2017

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये

ONE THOUSAND RUPEES

रु.1000

Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

P 416590

Certified that the document is admitted to registration. The Signature Sheet and endorsement Sheets attached to the document [illegible] the document.

Additional District Sub-Registrar Cossipore, Dum Dum, 24-Pgs. (North)

08 DEC 2017

শুভ দানপত্র দলিল।

******************

দানপত্র গ্রহিতা

************

শ্রী বলরাম বসাক, পিতা স্বর্গীয় দেবেন্দ্র মোহন বসাক, প্যান কার্ড নং সি,ওয়াই,এল,পি,বি ৪৯৯২ বি, জাতি হিন্দু, নাগরিকতা ভারতীয়, পেশা চাকুরী, সাকিন ৬১২ নং রবীন্দ্র নাথ ঠাকুর রোড, পোঃ বেদিয়া পাড়া, থানা দমদম, কলকাতা - ৭০০০ ৭৭, জেলা উত্তর ২৪ পরগণা।

BALAJI TRADING

Partner

Madhu Sudan Basak

দানপত্র দাতা
************

**শ্রী মধুসুদন বসাক**, পিতা স্বর্গীয় রাম দুলাল বসাক, প্যান কার্ড নং বি.এ.এ.পি.বি ৫৩৫০ বি, জাতি হিন্দু, নাগরিকতা ভারতীয়, পেশা ব্যবসা, সাকিন দক্ষিন আনন্দ পল্লী, পোঃ পুর্ব পুটিয়ারী, থানা রিজেন্ট পার্ক, কলকাতা - ৭০০০ ৯৩, জেলা দক্ষিন ২৪ পরগণা।

কস্য সম্পুর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় স্থানীয় মাপে কমবেশী ৩ তিন কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৪০০ চারশত বর্গফুট বিশিষ্ট টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি মধ্যে দানপত্র দাতার ওয়ারিশান সুত্রে প্রাপ্ত অবিভক্ত অবন্টনকৃত এবং অচিহ্নিত ১/৪ অর্থাৎ স্থানীয় মাপে কমবেশী ১২ বার ছটাক ০ বর্গফুট মধ্যে তাহার নিজ ওয়ারিশান সুত্রে প্রাপ্ত অবিভক্ত ৬ ছয় ছটাক ০ বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট বিশিষ্ট টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি মায় সর্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ শুভ দানপত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে -

জেলা উত্তর ২৪ পরগণা, থানা দমদম, এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট সাবরেজেষ্ট্রি অফিস কাশীপুর দমদম, সামিল দক্ষিন দমদম পৌরসভার ১১ নং ওয়ার্ডের অন্তর্গত ৬১২, আর, এন, টেগোর রোড হোলডিং ভুক্ত, কলিকাতা পরগণার অন্তর্গত মৌজা বাদিয়া পাড়া গ্রামে জে, এল নং ১৭, রে, সা, নং ৭, মহামান্য পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধকারে ১২৯৮/২৮৩৩ নং তৌজির অন্তর্গত জি,ডি ১, সাব ডি ৭ অর্ন্তভুক্ত পরগণা ৫৫ গ্রাম সংক্রান্ত সাবেক ও হাল ১৪৭ নং খতিয়ানের অধীন ১৪৮ নং খতিয়ান ভুক্ত ৪৩ নং হোলডিং ভুক্ত রায়ত স্থিতিবান স্বত্ব বিশিষ্ট সাবেক

BALAJI TRADING
Naba Kr. Biswas
Shibnath Das
Partner

Malini Sudan Basak



ও হাল ৩৪১ নং দাগ ভুক্ত ৭৩ শতক জমি ও উক্ত মৌজায় আরো কিছু জমি সাব্যস্থ লইয়া যথাযথ উন্নতি সাধন করিয়া উহাতে খন্ড খন্ড করতঃ ১৬´ ফুট রাস্তা প্রস্তুত করতঃ ভিন্ন প্লটে বিভক্ত করিয়া ১৫ নং মহানির্বান রোড থানা টালিগঞ্জ নিবাসী শ্রী অমূল্য ধন ঘোষ দিং নিকট হইতে উপরি উক্ত ৩৪১ নং দাগস্থিত ৭০ শতক মধ্যে ১৮ শতক জমি রেজেষ্ট্রিকৃত কোবালা মূলে খরিদ করিয়া জনৈক শ্রী কেশব সরকার মহাশয় ভোগ দখল করিতে থাকা কালিন উক্ত সম্পত্তির মধ্যে ৯৯ নং প্লটে চিহ্নিত স্থানীয় মাপে কমবেশী ৩ কাঠা জমি মায় তৎ সংলগ্ন রাস্তা ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক সম্পত্তি বিগত ইং ২২শে জুন ১৯৬৪ তারিখে কাশীপুর দমদম সাবরেজেষ্ট্রি অফিসে ১ নং বহির ৭৮ নং ভল্যুমের ৭৮ হইতে ৮১ নং পাতায় লিপিবদ্ধ ৪৯৮৭ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে শ্রীমতী সুখসারী বসাক মহাশয়াকে বিক্রয় করিয়া উক্ত সম্পত্তি হইতে এক কালিন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হয়।

অতঃপর উক্ত রুপে উক্ত সম্পত্তি খরিদ করিয়া শ্রীমতী সুখসারী বসাক স্থানীয় পৌরসভা সরকার প্রভৃতিতে তাহার নাম পত্তন করিয়া উহার উপর কাঁচা গৃহাদি নির্মান করিয়া ভোগ দখল করিতে থাকা কালিন বিগত ইং ০৪/০৮/২০০১ তারিখে পরলোক গমন করেন। পরলোক গমন কালে শ্রীমতী সুখসারী বসাক এক পুত্র অর্থাৎ শ্রী বলরাম বসাক অত্র দলিলের গ্রহিতা এবং তিন কন্যা যথাক্রমে শ্রীমতী রানু বসাক, শ্রীমতী গীতা বসাক, এবং শ্রীমতী মঞ্জু বসাক ( অধুনা মৃত ) গণকে তাহার ত্যক্ত সম্পত্তির উত্তরাধিকারী রাখিয়া যান। পরবর্তী কালে উক্ত বলরাম বসাক, রানু বসাক, গীতা বসাক, ও মঞ্জু বসাক প্রত্যেকে উক্ত সম্পত্তির মধ্যে ১/৪ অংশের মালিক হয়েন। প্রকাশ থাকে যে, উক্ত শ্রীমতী সুখসারী

BALAJI TRADING
Naba Kr. Biswas
Shibnath Das
Partner

বসাকের স্বামী স্বর্গীয় দেবেন্দ্র মোহন বসাক বহুদিন আগেই পরলোক গমন করিয়াছেন। পরবর্তী কালে উক্ত শ্রীমতী মঞ্জু বসাক বিগত ইং ২৬/৭/২০০২ তারিখে পরলোক গমন করিলে পর আমি অত্র দলিলের দাতা এবং আমার অপর এক বিবাহিতা বোন শ্রীমতী গৌরী দাস, স্বামী সুরেশ দাস, সাকিন নতুন পল্লী রানিয়া ( গীতা নগর ) , পোঃ বোড়াল, থানা সোনারপুর, জেলা দক্ষিন ২৪ পরগণা নিবাসী একযোগে একত্রে আমাদের মায়ের ওয়ারিশানগণক্রমে অবিভক্ত ১/৮ অংশে তৎ ত্যক্ত উপরে উল্লিখিত সম্পত্তির মধ্যে অবিভক্ত ০৬ ছয় ছটাক ০ বর্গফুট পরিমিত বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট কাঁচা গৃহাদির মালিক ও দখলিকার হইতেছি। প্রকাশ থাকে যে, আমার পিতা রামদুলাল বসাক কিছুদিন পুর্বে পরলোক গমন করিয়াছেন।

তুমি অত্র দানপত্র দলিলের গ্রহিতা আমার একমাত্র মামা হইতেছ। তুমি আমাকে যথেষ্ট ভালোবাসো, আমিও তোমাকে যথ্টে ভক্তিশ্রদ্ধা করি ও ভালোবাসি এবং তোমার প্রতি স্নেহশীল। সেই কারণে তোমার ভবিষ্যতের মঙ্গলার্থে এবং আমার নিজ করণীয় কর্ত্তব্যবোধে এবং তোমার প্রতি সন্তুষ্ট হইয়া এবং তোমার প্রতি আমার অনাবিল ভালোবাসা বশতঃ আমার ওয়ারিশান সুত্রে প্রাপ্ত যাহা স্থানীয় মাপে কমবেশী ১২ বার ছটাক বাস্তু জমি মধ্যে ০৬ ছয় ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক সম্পত্তি তোমাকে অদ্যকার তারিখে নিব্যূঢ় স্বত্বে নির্দায় ও নির্দোষ অবস্থায় নিঃশর্ত্তে দান করিয়া অত্র দানকৃত সম্পত্তি হইতে আমি মায় ওয়ারিশান স্থলাভিষিক্তগণক্রমে এক কালিন

BALAJI TRADING
Partner

Malen Sudan Basu

চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং উহাতে তোমাকে খোলসা খাস দখল প্রদান করিলাম।

তুমি অদ্যকার তারিখ হইতে আমার দানকৃত সম্পত্তিতে যাবতীয় স্বত্বে স্বত্ববান ভোগবান ও মালিক দখলিকার নিযুক্ত হইয়া মালিকান সরকারে ও স্থানীয় দক্ষিন দমদম মিউনিসিপ্যালিটিতে আমার নামের পরিবর্তে তোমার নিজ নাম পত্তন পুর্বক নিজ নামে নিরুপিত খাজনা ও ট্যাকসাদি আদায় দিয়া পরিবর্ত্তন, পরিবর্দ্ধন, গৃহাদি নির্মান দান, বিক্রয় বিভাগ বন্টন ও সর্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা পরিচালনা করিতে থাকিয়া পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগ দখল করিতে থাক, তাহাতে আমি মায় আমার অপর কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিন কালে অত্র দানকৃত সম্পত্তির উপর কোনরুপ দাবী দাওয়া, ওজর আপত্তি করিব না বা করিবে নাবা করিলেও তাহা সর্বতোভাবে সর্বাদালতে আইনতঃ বাতিল, অগ্রাহ ও নামঞ্জুর হইবে।

দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব, লভ্য, হক হকিয়াৎ ইজমেন্ট অধিকারাদি ছিল বা আছে তৎ সমুদয় অদ্যকার তারিখ হইতে রদ, রহিত ও লোপ পাইয়া অত্র দানপত্র দলিলের দ্বারা আমার হইতে তোমার উপর সম্পুর্ন রুপে অর্শাইল ও বর্তাইল।

প্রকাশ থাকে যে, অত্র দানপত্র দলিলে কোনপ্রকার ভুল বা ভ্রম প্রকাশ পাইলে এবং তাহা সংশোধনার্থে অত্র দলিলের পোষকতায় অপর কোন আইন সম্মত দলিলে তোমার বা তোমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণের অনুকুলে সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিবার প্রয়োজন হইলে তাহাও আমি অত্র দানপত্র দলিলের দাতা তোমার বা তোমার

BALAJI TRADING
Naba Kr. Biswas
Shibnath Das
Partner

ওয়ারিশানগণের তলবমত করিয়া দিতে ওয়ারিশানগণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

আরও প্রকাশ থাকে যে, উক্ত দানকৃত সম্পত্তিতে তুমি দানপত্র গ্রহিতা পাকা গৃহাদি নির্মান, ইলেকট্রিকের লাইন, জলের লাইন ভূগর্ভস্থ জলাধার ছাদের উপর জলাধার টেলিফোনের লাইন আনায়ণ ও নির্মান করিতে পারিবে তাহাতে আমার কোনপ্রকার ওজর আপত্তি দাবী দাওয়া থাকিল না বা থাকিবে না।

আরও প্রকাশ থাকে যে, উক্ত দানকৃত সম্পত্তিতে তুমি দানপত্র গ্রহিতা স্থানীয় পৌরসভা হইতে অনুমোদিত বিলডিং নকসা সংগ্রহ করিয়া তাহাতে নির্মান পরিবর্ত্তন, পরিবর্দ্ধন ইত্যাদি করিতে পারিবে।

তুমি অত্র দানপত্র গ্রহিতা এই সম্পত্তি সম্বন্ধে সম্যক অবগত হইয়া এবং থাকিয়া এই সম্পত্তি গ্রহণ করিলে।

তুমি অত্র দানপত্র দলিলের গ্রহিতা আমার দানকৃত সম্পত্তি সানন্দে গ্রহণ করিলে দেখিয়া আমরা অতিশয় সন্তুষ্ট হইলাম।

দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য - ৫০,০০০.০০ পঞ্চাশ হাজার টাকা মাত্র এবং সেমত ষ্ট্যাম্প ডিউটি দেওয়া হইল।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম্ম সম্যক অবগত হইয়া ও ভালরুপ বুঝিয়া মায় অত্র দলিলের যাবতীয় শর্ত্তে বাধ্য থাকিয়া অত্র শুভ দানপত্র দলিল তোমার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিলাম। ইতি তারিখ ইং সন ২০১৭ সালের - ৫ ই ডিসেম্বর,

মোতাবেক বাংলা সন ১৪২৪ সালের - ২০ শে অগ্রহায়ন,

BALAJI TRADING
Partner

Mallika Sarkar Basak

## তপশীল দানকৃত সম্পত্তির পরিচয়
## ও তাহার চৌহদ্দি -

************************

জেলা উত্তর ২৪ পরগণা, থানা দমদম, এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট সাবরেজেষ্ট্রি অফিস কাশীপুর দমদম, সামিল দক্ষিন দমদম পৌরসভার ১১ নং ওয়ার্ডের অন্তর্গত ৬১২, আর, এন, টেগোর রোড হোলডিং ভুক্ত, কলিকাতা পরগণার অন্তর্গত মৌজা বাদিয়া পাড়া গ্রামে জে, এল নং ১৭, রে, সা, নং ৭, মহামান্য পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে ১২৯৮/২৮৩৩ নং তৌজির অন্তর্গত মালিকের সাবেক ও হাল ১৪৭ নং খতিয়ানের অধীন নিজ প্রজাই সাবেক ও হাল ১৪৮ নং খতিয়ান ভুক্ত রায়ত দখলি স্বত্বীয় -

সাবেক ও হাল ৩৪১ নং দাগ ভুক্ত স্থানীয় মাপে কমবেশী ৩ তিন কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৪০০ বর্গফুট বিশিষ্ট টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি মধ্যে আমাদের অত্র দাতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত অবিভক্ত ও অবিভাজ্য ও অবন্টনকৃত ১/৮ অর্থাৎ স্থানীয় মাপে কমবেশী ০৬ ছয় ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট বিশিষ্ট সিমেন্টের ফ্লোর, ৬ বছরের পুরানো টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি মায় উক্ত জমিতে যাতায়াতের রাস্তার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি ও উহার উপর ও তলদেশ দিয়া জলের লাইন, ইলেকট্রিক লাইন, টেলিফোনের লাইন প্রভতি আনায়ণের উত্তম স্বত্বাধিকার সহ দরবস্তু হক হকুক সম্পত্তি অত্র দানপত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে।

BALAJI TRADING
Naba Kr. Agarwal
Chibnath
Partner

যাহার চৌহদ্দি
************
উত্তরে - ৩৪১ নং দাগ ভুক্ত অপরের জমি,
দক্ষিনে - আংশিক ৩৪১ নং দাগভুক্ত অপরের জমি এবং আংশিক ৭´ - ৬´´ ইঞ্চি
প্রশস্ত কমন প্যাসেজ,
পুর্বে - ৩৩৯ নং দাগ ভুক্ত অপরের জমি,
পশ্চিমে - ১৬´ ফুট প্রশস্ত কমন প্যাসেজ,
অত্র দলিল সংলগ্ন নকসা দলিলের একাংশ বলিয়া গণ্য ও বিবেচিত হইল।

ইসাদি

Meelu Sudan Basak
( দানপত্র দাতার স্বাক্ষর )

1) Santoj Ghosh
24 Vidyasagar Road
Kol - 77

Balaram Basak

আমি অত্র দানপত্র গ্রহিতা অত্র
দান সানন্দে গ্রহণ করিলাম।
( দানপত্র গ্রহিতার স্বাক্ষর ) -

2) Sanjay Chakrabarti
Advocate
High Court, Calcutta

মুশাবিদাকারক -
কাঞ্চন বোস
কাঞ্চন বোস,
দলিল লেখক,
লাইসেন্স নং ১২৪/১২৪,
আলিপুর, কলকাতা - ২৭।

BALAJI TRADING
Shib nath Das
Partner

অক্ষর বিন্যাসে
শ্রী সনজীৎ কুমার বেরা,
আলিপুর পুলিশ কোর্ট,
কলকাতা - ২৭।

of Registration under section 60 and Rule 69.

ed in Book - I

number 1506-2017, Page from 317143 to 317162

No 150609853 for the year 2017.

Digitally signed by MOHUL MUKHOPADHYAY
Date: 2017.12.13 14:08:19 +05:30
Reason: Digital Signing of Deed.

(Mohul Mukhopadhyay) 13/12/2017 14:03:02
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE A.D.S.R. COSSIPORE DUMDUM
West Bengal.

(This document is digitally signed.)